গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
www.sunamganj.gov.bd
(গোপনীয় শাখা)

**হাওর এলাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ ডুবন্ত বাঁধ মেরামত কাজের জন্য স্কীম প্রস্তুত ও বাস্তবায়নের লক্ষ্যে কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী গঠিত জেলা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ সাবিরুল ইসলাম<br>জেলা প্রশাসক, সুনামগঞ্জ। |
| সভার স্থান | ঃ | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সুনামগঞ্জ। |
| তারিখ ও সময় | ঃ | ০৩ জানুয়ারী, বিকাল ৩:৩০ টা। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো। |

সভাপতি জেলা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভায় উপস্থিত সকলকে তাদের পরিচয় ও কাবিটা কর্মসূচী এর আওতায় প্রণীত ডুবন্ত বাঁধের মেরামত কাজের পিআইসি গঠনের অগ্রগতি ও পরবর্তী করণীয় বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনার আহবান জানান।

নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ পওর বিভাগ-১, বাপাউবো, সুনামগঞ্জ ও সদস্য-সচিব, জেলা কমিটি সভাকে অবহিত করেন যে, মাঠ পর্যায়ের বাস্তব অবস্থার প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ বাঁধ মেরামত, নদী/খাল পুনঃখননের জন্য স্কীম প্রস্তুত ও বাস্তবায়নের লক্ষ্যে কাবিটা নীতিমালা-২০১৭ এর কিছু অনুচ্ছেদ সংযোজন, পরিবর্তন/পরিবর্ধন এর নিমিত্তে Amendment এর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলে পরবর্তীতে কাবিটা নীতিমালা সংশোধন করা হয় যাতে উপজেলা কমিটি হতে প্রাপ্ত স্কীমসমূহ জেলা কমিটি কর্তৃক অনুমোদন পূর্বক পিআইসি গঠনের নির্দেশনা প্রদানের বিধান রয়েছে। সে আলোকে জেলা কমিটি ইতোপূর্বে মূল কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী পানি উন্নয়ন বোর্ড ও পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক ভূতাপেক্ষিকভাবে প্রেরীত স্কীমসমূহের অনুমোদন না পাওয়ায় সংশোধিত নীতিমালা অনুযায়ী ১১ টি উপজেলা হতে উপজেলা কমিটি কর্তৃক আনুমোদিত স্কীমসমূহ জেলা কমিটিতে অনুমোদন করা যেতে পারে। তিনি আরও জানান যে, হাওরের জলাবদ্ধতা নিরসনের জন্য সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২ এর আওতায় প্রতিটি বিভাগের জন্য ১৫.০০ লক্ষ টাকা করে মোট ৩০.০০ লক্ষ টাকা বরাদ্দের অনুকূলে অর্থ অবমুক্ত করা হয়েছে এবং ইতোমধ্যে তা উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবের নামে খোলা হিসাব নম্বরে প্রেরণ করা হয়েছে।

সভাপতি এ পর্যায়ে উল্লেখ করেন যে, কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী স্কীমসমূহ পানি উন্নয়ন বোর্ড এবং পানি সম্পদ মন্ত্রনালয় কর্তৃক অনুমোদনের বিধান থাকায় এবং এ প্রসঙ্গে মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রনালয় জেলা কমিটিকে অনুরোধ করায় গত ২৬ নভেম্বর ও ২৭ নভেম্বর অনুষ্ঠিত জেলা কমিটির সভায় ৯টি উপজেলা (সুনামগঞ্জ সদর, বিশ্বম্ভরপুর, ধর্মপাশা, জামালগঞ্জ, তাহিপুর, দিরাই, শাল্লা, দক্ষিণ সুনামগঞ্জ, দোয়ারাবাজার) এবং গত ০৭ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখে বাকী ২টি (জগন্নাথপুর ও ছাতক) উপজেলা হতে প্রাপ্ত স্কীমসমূহ জেলা কমিটিতে সর্বসম্মতিক্রমে অনুমোদনের জন্য সুপারিশ সহ অনুমোদন করা হয় এবং নীতিমালা অনুযায়ী পরবর্তীতে পানি উন্নয়ন বোর্ড ও পানি সম্পদ মন্ত্রনালয় কর্তৃক এ স্কীমসমূহ ভূতাপেক্ষিকভাবে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড মহোদয়কে অনুরোধ জানানোর সিদ্ধান্তের প্রেক্ষিতে পত্র প্রেরণ করা হয় (সংযুক্তি-ক-১,২)। কিন্তু এ বিষয়ে

চলমান পাতা-২

বোর্ডের লিখিত কোন জবাব না পাওয়ায় সংশোধিত নীতিমালা অনুযায়ী উপজেলা কমিটি হতে প্রাপ্ত স্কীমসমূহ জেলা কমিটি কর্তৃক অনুমোদনের জন্য তিনি জেলা কমিটির সকল সদস্যকে আলোচনার আমন্ত্রণ জানান। আলোচনান্তে জেলা কমিটি সর্বসম্মতিক্রমে প্রাপ্ত সকল স্কীমসমূহ সভায় অনুমোদন প্রদান করে।

এছাড়াও, যে সকল উপজেলায় যে সকল স্থানে ডুবন্ত বাঁধ মেরামত কাজের সার্ভে কাজ সম্পন্ন হয়েছে সে সকল স্থানে প্রকৃত প্রাককলনের আলোকে পিআইসি গঠন পূর্বক কাজ শুরু করার প্রয়োজনীয় উদ্দ্যোগ গ্রহণ করার বিষয়ে জেলা কমিটি একমত পোষণ করে।

জেলা কমিটির সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

সিদ্ধান্ত-১ ঃ সংশোধিত কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী সুামগঞ্জ জেলার ১১টি উপজেলার উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত স্কীমসমূহ যাচাই-বাছাই পূর্বক সংশোধনক্রমে মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে প্রেরিত প্রস্তাবিত ১০৯৬ টি স্কীম (উন্নয়ন-৩৭২ টি, অনুন্নয়ন-৭২৪ টি) জেলা কমিটি কর্তৃক অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-২ ঃ অনুমোদিত স্কীমের আলোকে অতিরিক্ত চাহিদা মোতাবেক নীতিমালা অনুযায়ী বরাদ্দ প্রদান ও অর্থ অবমুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রনালয় মহোদয় বরাবর পত্র প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৩ ঃ যে সকল স্থানে সার্ভে কাজ সম্পন্ন করা হয়েছে সে সকল স্থানে অতিদ্রুত প্রকৃত প্রাককলনের আলোকে ইতোমধ্যে গঠিত পিআইসি এর মাধ্যমে কাজ শুরুর সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৪ ঃ সুনামগঞ্জ জেলায় সার্ভে কাজের জন্য নিয়োগপ্রাপ্ত প্রতিষ্ঠান 'ল্যান্ড সার্ভে টিম' কে নীতিমালা অনুসরণপূর্বক জরুরী ভিত্তিতে সার্ভে কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ সাবিরুল ইসলাম)
জেলা প্রশাসক, সুনামগঞ্জ
এবং
সভাপতি
জেলা কমিটি।

চলমান পাতা-৩

স্মারক নং-০৫.৪৬.৯০০০.০০১.১৪.০০২.১৮.০৫

তারিখ : ২০ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
০৩ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ .............................. (সকল)।
২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, সিলেট/ময়মনসিংহ/ঢাকা বিভাগ, সিলেট/ময়মনসিংহ/ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২-গ্রীণরোড, ঢাকা-১২১৫।
৮. প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, পানি উন্নয়ন বোর্ড, শাহী ঈদগাহ, সিলেট।
৯. প্রধান প্রকৌশলী, কাজের বিনিময়ে টাকা, পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১০. পরিচালক, পরিচালন ও রক্ষনাবেক্ষন পরিদপ্তর, পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৭ম তলা), মতিঝিল, ঢাকা।
১১. একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
১৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল, পানি উন্নয়ন বোর্ড, শাহী ঈদগাহ, সিলেট।
১৪. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ।
১৫. জেলা মৎস কর্মকর্তা, সুনামগঞ্জ।
১৬. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ।
১৭. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও তথ্যপ্রযুক্তি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
১৮. উপজেলা পরিষদ চেয়ারম্যান ........................................ (সকল) উপজেলা পরিষদ, সুনামগঞ্জ।
১৯. উপজেলা নির্বাহী অফিসার, ........................................ (সকল), সুনামগঞ্জ।
২০. জেলা ত্রান ও পূর্ণবাসন কর্মকর্তা, সুনামগঞ্জ।
২১. জনাব মোঃ নুরুল রব চৌধুরী, ২৬ উপত্যকা, হাছন নগর, সুনামগঞ্জ।
২২. জনাব বিন্দু তালুকদার, জেলা প্রতিনিধি, দৈনিক আমাদের সময়, সুনামগঞ্জ।
২৩. জনাব মোঃ মনিরুজ্জামান, ব্র্যাক, সুনামগঞ্জ।
২৪. অফিস নথি।

০৩/০১/১৮

(মোঃ আবু বকর সিদ্দিক ভূঁইয়া)
নির্বাহী প্রকৌশলী
সুনামগঞ্জ পওর বিভাগ-১
বাপাউবো, সুনামগঞ্জ
ও
সদস্য-সচিব
জেলা কমিটি।